**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 01.09.2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

## ADC VILLAGE VOTE :

আগামী ২৮শে সেপ্টেম্বর এডিসির ভিলেজ কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। গতকাল সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনার ড. প্রদীপ কুমার চক্রবর্তী ভিলেজ কমিটির নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেন। নির্ঘন্ট অনুযায়ী আজ থেকেই নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি হয়েছে। আজ থেকেই মনোনয়নপত্র গ্রহণের প্রক্রিয়া শুরু হচ্ছে। মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আগামী ৮ই সেপ্টেম্বর। ৯ই সেপ্টেম্বর মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন ১১ই সেপ্টেম্বর। আগামী ২৮শে সেপ্টেম্বর সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে। পুনরায় ভোটের প্রয়োজন হলে তা নেওয়া হবে আগামী তেসরা অক্টোবর। ভোট গণনা আগামী ৫ই অক্টোবর সকাল ৮টা থেকে। রাজ্য নির্বাচন কমিশনার জানান, নির্বাচন ঘোষণার সঙ্গে সঙ্গে এডিসির ভিলেজ কমিটি এলাকায় নির্বাচনী আদর্শ আচরণবিধি কার্যকর হয়েছে।

********************

## Assembly Session :

ত্রয়োদশ রাজ্য বিধানসভার তিনদিনব্যাপী দশম অধিবেশন গতকাল সন্ধ্যায় শেষ হয়েছে। অধ্যক্ষ রামপদ জমাতিয়া অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি ঘোষণা করেছেন।

********************

## GDP Growth :

চলতি আর্থিক বছর ২০২৬-২৭-এর প্রথম ত্রৈমাসিকে ভারতের প্রকৃত জিডিপি ৭.৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা গত অর্থবছরের একই সময়ে ছিল ৬.৯ শতাংশ। পরিসংখ্যান ও কর্মসূচি বাস্তবায়ন মন্ত্রকের প্রকাশিত হিসাব অনুযায়ী, এই সময়ে নামমাত্র জিডিপি ১০.৩ শতাংশ এবং প্রকৃত মোট মূল্য সংযোজন ৮.২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সেবা ক্ষেত্রে ১০ শতাংশ, শিল্প ক্ষেত্রে ৮.৬ শতাংশ এবং প্রাথমিক ক্ষেত্রে ২.৯ শতাংশ বৃদ্ধি হয়েছে; কৃষি ও আনুষঙ্গিক ক্ষেত্রে বৃদ্ধি ছিল ৩.৬ শতাংশ।

*******************

**Assembly CM Fly-Over :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, আগরতলা শহরে যানজট কমাতে ফায়ার ব্রিগেড চৌমুহনি থেকে কের চৌমুহনি, শংকর চৌমুহনি এবং দুর্গা চৌমুহনি ব্রিজ হয়ে কাটাখালের উপর দিয়ে রাধানগর বাসস্ট্যান্ড পর্যন্ত ফ্লাইওভার নির্মাণের পরিকল্পনা রাজ্য সরকারের রয়েছে। পূর্ত দপ্তর থেকে এই ফ্লাইওভারটি নির্মাণের জন্য ইতিমধ্যে প্রয়োজনীয় কাজ এবং জমি অধিগ্রহণের পরিকল্পনা তৈরির কাজ চলছে। গতকাল বিধানসভায় বিধায়ক তফাজ্জল হোসেন এবং সুদীপ রায় বর্মনের পৃথক দুটি প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী এ তথ্য জানিয়েছেন।

*******************

**Assembly-CM Women Help Desk :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, গত তিন বছরে রাজ্যের বিভিন্ন পুলিশ স্টেশনে মোট ৭টি মহিলা হেল্প ডেস্ক চালু করা হয়েছে। এই মুহূর্তে রাজ্যের বিভিন্ন পুলিশ স্টেশনে সব মিলিয়ে ৯০টি মহিলা হেল্প ডেস্ক কার্যকর রয়েছে। গতকাল বিধানসভায় বিধায়ক সুদীপ সরকারের এক প্রশ্নের লিখিত উত্তরে তিনি জানান, মহিলাদের বিরুদ্ধে সংঘটিত অপরাধ সংক্রান্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির জন্য পুলিশ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

এফআইআর পাওয়ার সঙ্গে সঙ্গে দ্রুত ব্যবস্থা গ্রহণ এবং অবিলম্বে তদন্ত শুরু করার জন্য সমস্ত থানার ওসিদের নির্দেশ দেওয়া হয়েছে।

*******************

**Assembly CM-Bikash :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সন্ত্রাসবাদের পথ ছেড়ে আত্মসমর্পণ করে যারা স্বাভাবিক জীবনে ফিরে এসেছে তাদের পুনর্বাসন সংক্রান্ত বিভিন্ন সমস্যা সমাধানে রাজ্য সরকার সব সময়ই চেষ্টা করছে। জনজাতি কল্যাণ মন্ত্রীও এবিষয়ে বার বার কথা বলছেন। গতকাল বিধানসভায় উল্লেখ পর্বে বিধায়ক রঞ্জিত দেববর্মার আনা একটি নোটিশের উপর আলোচনা করতে গিয়ে মুখ্যমন্ত্রী একথা বলেন। এ বিষয়ে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, প্রত্যেক প্রত্যাবর্তনকারীর জন্য তাৎক্ষণিক অনুদান হিসেবে ৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং ৯১ জনের ক্ষেত্রেই তা ব্যাঙ্কে স্থায়ী আমানত হিসেবে জমা রাখা হয়েছে।

*******************

**Assembly-Tinku Roy :**

ক্রীড়া মন্ত্রী টিংকু রায় বলেছেন, গত তিনটি অর্থবছরে রাজ্যে মুখ্যমন্ত্রী স্টেট টেলেন্ট সার্চ প্রোগ্রাম স্কিমের আওতায় ১১২ জন মহিলা খেলোয়াড়কে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। গতকাল বিধানসভায় বিধায়ক স্বপ্না দাস পালের এক প্রশ্নের উত্তরে তিনি এই তথ্য জানিয়েছেন। মন্ত্রী জানান, রাজ্যের যে সমস্ত মহিলা খেলোয়াড় জাতীয় এবং আন্তর্জাতিকস্তরে পুরস্কৃত হয়েছেন তাদের এই প্রকল্পে এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে। তিনি জানান, কেন্দ্রীয় সরকারের খেলো ইন্ডিয়া প্রকল্পের আওতায় মহিলাদের খেলায় অংশগ্রহণে আরও উৎসাহ ও অনুপ্রাণিত করার জন্য অস্মিতা সিটি লিগ খেলার আয়োজন করা হয়ে থাকে।

*******************

**First Division Football :**

টি.এফ.এ পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবলের গতরাতের খেলায় নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ১-০ গোলে রামকৃষ্ণ ক্লাবকে পরাজিত করে।

*******************

**Weather :**

ভারতীয় আবহাওয়া দপ্তর ত্রিপুরা সহ মণিপুর, নাগাল্যান্ড, মিজোরামের কিছু স্থানে আজ অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। এদিকে, আগরতলা আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে, রাজ্যে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস।

*******************